

‘মুজিব বর্ষের আহবান  
দক্ষ হয়ে বিদেশ যান’



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২, কাকরাইল, ঢাকা  
বহির্গমন শাখা

নথি নম্বর : ৪৯.০০.০০০০.০৪৪.১৮.০১৮.২০২০. ২৭৭৫

তারিখ : ০৬/১১/২০২২খ্রিঃ

### “কারণ দর্শানো নোটিশ”

আপনি জনাব প্রবীর বনিক, পিতা : শ্রী নানটু বনিক, মাতা: হিমালী বনিক, গ্রাম ও পো: সাহাপুর, থানা : চাটখিল, জেলা : নোয়াখালী, ম্যানেজিং ডিরেক্টর, মেসার্স এইচ পি ওভারসীজ লিঃ (আরএল-১৩৮৮) গত ১৫/১১/২০২২ তারিখে সংযুক্ত আরব আমিরাতগামী ৩০ (ত্রিশ) জন কর্মীর বহির্গমন ছাড়পত্রের জন্য আবেদন করেন। দাখিলকৃত আবেদনে ০৯ (নয়) জনকে প্রত্যাগত কর্মী হিসেবে এবং ২১ (একুশ) জন কর্মীর পিডিও সার্টিফিকেট দাখিল করেন। পিডিও সার্টিফিকেট এর QR কোড স্ক্যান করে প্রাথমিকভাবে ২০ (বিশ) টি সনদ জাল ও ভূয়া প্রমাণিত হয়। আপনার এরূপ কার্যকলাপ বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স ও আচরণ) বিধিমালা, ২০১৯ এর লংঘন।

০২। এমতাবস্থায়, জাল সনদ দাখিল করে প্রতারণার মাধ্যমে বহির্গমন ছাড়পত্র গ্রহণের চেষ্টার বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে স্বশরীরে হাজির হয়ে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতায় এ বিষয়ে আপনার কোন জবাব নেই মর্মে গণ্য করে একতরফা নিষ্পত্তি এবং আইন ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ জাকির হোসেন)

উপসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ, বহির্গমন)

ফোন : ০২-৮৩০০২৬৪ (অফিস)

ম্যানেজিং ডিরেক্টর  
মেসার্স এইচ পি ওভারসীজ লিঃ (আরএল-১৩৮৮)  
জিনেট টাওয়ার (৭ম তলা), ১১৬-১১৭, ডিআইটি এক্সটেনশন রোড,  
ফকিরাপুল, ঢাকা-১০০০।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা।
৩. পরিচালক (কর্মসংস্থান/বহির্গমন), বিএমইটি, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, RAIMS, কর্মসংস্থান, বিএমইটি, ঢাকা।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. মাস্টার নথি/২০২২।